গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়

বান্দরবান পার্বত্য জেলা।

Web : www.food.bandarban.gov.bd

স্মারক নং- ১৩.০১.০৩০০.০১১.৩৯.০০২.১৫-৭২৬ তারিখ : ০৭/০৪/২০২৫ খ্রি.

## অকেজো গাড়ি বিক্রয়ের দরপত্র/নিলাম বিজ্ঞপ্তি

জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান কার্যালয়ের ঢাকা মেট্রো ঘ-০২-১৬৩৭ অচল/অকেজো জীপ গাড়ি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে :

| | | | |
|---|---|---|---|
| ১৯. | মন্ত্রণালয়/বিভাগ | : | খাদ্য মন্ত্রণালয়। |
| ২০. | বিক্রয়কারী এজেন্সী ও সত্ত্বার নাম | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা। |
| ২১. | দরপত্র আহবানকারী কর্মকর্তা | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা। |
| ২২. | যে কাজের জন্য দরপত্র | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান কার্যালয়ের ঢাকা মেট্রো ঘ-০২-১৬৩৭ নং অচল/অকেজো জীপ গাড়ী বিক্রয় |
| ২৩. | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ | : | স্মারক নং- ১৩.০১.০৩০০.০১১.৩৯.০০২.১৫-৭২৬ তারিখঃ ০৭/০৪/২০২৫ খ্রি. |
| ২৪. | দরপত্র বিক্রয় পদ্ধতি | : | উন্মুক্ত দরপত্র (OTM) |
| ২৫. | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | : | ২২/০৪/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়। |
| ২৬. | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | : | ২৩/০৪/২০২৫ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা হতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ২৭. | দরপত্র দাখিলের স্থান | : | (ক) জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলায় রক্ষিত দরপত্র বাক্স।<br>(খ) পরিচালক, চলাচল সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে। |
| ২৮. | দরপত্র দলিল/সিডিউল প্রাপ্তির স্থান | : | (ক) জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা।<br>(খ) পরিচালক, চলাচল সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| ২৯. | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | : | ২৩/০৪/২০২৫ খ্রি. তারিখ বেলা ৩.০০ ঘটিকা। |
| ৩০. | দরপত্র উন্মুক্ত করণের স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা। উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন)। |
| ৩১. | দরপত্র দাতা/প্রতিষ্ঠানের যোগ্যতা | : | প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর পরিশোধ সংক্রান্ত সনদ ও ভ্যাট রেজিষ্ট্রেশন সনদ পত্র। তাছাড়া দরপত্র সিডিউলের শর্তাবলী অনুযায়ী অন্যান্য যোগ্যতা। |
| ৩২. | দরপত্র সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) | : | ১,০০০/- (এক হাজার) টাকা মাত্র। ট্রেজারী চালানের মাধ্যমে মূল্য জমা দিয়ে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে। চালান জমা দেওয়ার কোড নং ১৪৮০২০১১৩০২২০/ ১৪২২৩২৮ |
| ৩৩. | দরপত্র জামানত (টেন্ডার সিকিউরিটি) | : | জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা অনুকূলে বাংলাদেশের যে কোন তফশীলভূক্ত ব্যাংক থেকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উদ্ধৃত দরের ১০% দরপত্র জামানত (ফেরতযোগ্য) জমা দিতে হবে। |
| ৩৪. | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী | : | জ্যোতি বিকাশ ত্রিপুরা, জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), বান্দরবান পার্বত্য জেলা। |
| ৩৫. | দরপত্র আহবানকারী কর্মকর্তার ঠিকানা ও ফোন নম্বর | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা। ফোন নং- ০২৩৩৭৭১০০৩১ |
| ৩৬. | দরপত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত যে কোন তথ্য সংগ্রহ/জানার স্থান | : | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলার হিসাব ও নেজারত শাখা হতে সংগ্রহ করা যাবে। ফোন নং- ০২৩৩৭৭১০০৩১ |
| | কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নোটিশ পরিবর্তন বা যে কোন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখ্যান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। | | |

**দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী :**

আবেদনকারীকে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা বরাবর নিম্নবর্ণিত ডকুমেন্টসহ আবেদন করতে হবে।

১. সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২(দুই) কপি ছবি, নিজ নামের/প্রতিষ্ঠানের হাল সনের ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২. সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত ২০২৪-২০২৫ অর্থবছর পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়নপত্রের একখানা সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। পরবর্তীতে মূল কপি প্রদর্শন করতে হবে।

৩. ভ্যাট রেজিষ্ট্রেশন প্রত্যায়ন পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪. চাহিত সকল সনদপত্র ১ম শ্রেণী সরকারি কর্মকর্তা দ্বারা (নাম যুক্ত সিল সহ) সত্যায়িত করে দাখিল করতে হবে।

প্রতি সেট দরপত্র সিডিউলের মূল্য ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরত যোগ্য) ট্রেজারী চালানের (A Challan) মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড এর যে কোন শাখায়, কোড নং ১৪৮০২০১১৩০২২০/১৪২২৩২৮তে জমা দিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূল কপি অত্র দপ্তরে প্রদর্শন পূর্বক দরপত্র/সিডিউল ক্রয় করতে হবে এবং দরপত্র সিডিউলের সাথে চালানের মূল কপি জমা দিতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে সিডিউল ক্রয় করতে হবে।

৫. শর্তযুক্ত, কাটা-ছেড়া, ঘষা-মাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ণ দরপত্র গৃহীত হবে না।

৬. সর্বোচ্চ দরদাতাকে নোটিশ প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে অনুমোদিত/গৃহীত মূল্য সরকারি কোষাগারে জমা দিতে হবে। ব্যর্থতায় জামানত বাজেয়াপ্ত করা হবে।

৭. উদ্ধৃত দরের অর্থ সরকারি কোষাগারে জমা নিশ্চিতপূর্বক কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে সিডিউলে বর্ণিত জীপ গাড়ীটি বুঝে নিতে হবে। অন্যথায় বিধিমোতাবেক ব্যবস্থা নেওয়া হবে।

৮. দরপত্রে অংশগ্রহণকারীগণ সপ্তাহের যেকোনো দিন (সরকারি ছুটি ব্যতীত) জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলায় গাড়ি গ্যারেজে পরিদর্শন পূর্বক সিডিউলে বর্ণিত জীপ গাড়িটি প্রত্যক্ষ করতে পারবেন।

৯. সর্বোচ্চ মোট দরের ভিত্তিতে সর্বোচ্চ দরদাতা নির্ধারণ করা হবে।

১০. দরপত্রদাতাকে যে কোন সিডিউল ব্যাংক হতে আর্থিকভাবে স্বচ্ছল মর্মে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে।

১১. দরপত্রের সাথে বাংলাদেশের যেকোন তফসীলভূক্ত(সিডিউল) ব্যাংক হতে দরপত্র জামানত(বায়নার টাকা) বাবদ উদ্ধৃত দরের ১০% পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা এর অনুকূলে জমা দিতে হবে।

১২. সর্বোচ্চ দরদাতাকে গৃহীত দরের উপর নির্ধারিত হারে ভ্যাট ও আয়কর প্রদান করতে হবে।

১৩. কোনো কারণ দর্শানো ছাড়াই যেকোনো দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো প্রকার অপপ্রচার, মিথ্যা দোষারুপ কিংবা মামলা মোকদ্দমা করা হলে তা সরকারী কাজে বাধাদানের সামিল বলে গণ্য হবে। সেক্ষেত্রে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণে কর্তৃপক্ষের কোনো বাধা থাকবে না।

০৭.০৪.২০২৫

জ্যোতি বিকাশ ত্রিপুরা
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ও
আহবায়ক
অকেজো গাড়ি নিষ্পত্তি সংক্রান্ত জেলা কমিটি
বান্দরবান পার্বত্য জেলা।

০৭/০৪/২৫

স্মারক নং- ১৩.০১.০৩০০.০১১.৩৯.০০২.১৫-৭২৬(১৪) তারিখ : ০৭/০৪/২০২৫ খ্রি.

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, প্রশাসন বিভাগ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩. পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বহুল প্রচারসহ দরদাতারের সুবিধার্থে সিডিউল বিক্রি ও নির্দিষ্ট তারিখে মহোদয়ের কার্যালয়ে দরপত্র বাক্স স্থাপনের সদয় ব্যবস্থা গ্রহনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।
৪. জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
৫. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬. আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৭. পুলিশ সুপার, বান্দরবান পার্বত্য জেলা।
৮. জেলা খাদ্য নিয়ন্ত্রক, .......................... (সকল)।
৯. উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলা।
১০. আঞ্চলিক রক্ষণাবেক্ষণ কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম।
১১. সহকারী পরিচালক, বিআরটিএ, বান্দরবান পার্বত্য জেলা।
১২. জেলা তথ্য অফিসার, বান্দরবান পার্বত্য জেলা।
১৩. নোটিশ বোর্ড।
১৪. অফিস নথি।

০৭.০৪.২০২৫

জেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
আহবায়ক
অকেজো গাড়ি নিষ্পত্তি সংক্রান্ত জেলা কমিটি
বান্দরবান পার্বত্য জেলা।

০৭/০৪/২৫